# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

**শান্তিনগর শাখা, মদিনা হাইটস্‌, ৩২, নিউ সার্কুলার রোড, সিদ্ধেশরী, রমনা, ঢাকা।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি (ফ্ল্যাট) নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মোঃ রাশেদ সিকদার, পিতাঃ মোঃ নজর আলী শিকদার, মাতাঃ সোফিয়া বেগম, বর্তমান ও ব্যবসায়িক ঠিকানাঃ শিকদার এন্টারপ্রাইজ, দোকান নং-১০৪, চাঁনমিয়া পেপার কমপ্লেক্স, ৪০/৪১, জিন্দাবাহার ১ম লেন, বাবুবাজার, ঢাকা, স্থায়ী ঠিকানাঃ ৩/সি, জিন্দাবাহার ২য় লেন, ডাকঘরঃ বাবু বাজার, (কোড-১১০০), থানাঃ কোতয়ালী, জেলাঃ ঢাকা কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, শান্তিনগর শাখা, ঢাকা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তি (ফ্ল্যাট) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৭/০৩/২০১৮ইং তারিখ পর্যন্ত সুদসহ ব্যাংকের পাওনা মোট ৪২,২৭,২৪৯.০৪ (বেয়াল্লিশ লক্ষ সাতাশ হাজার দুইশত উনপঞ্চাশ টাকা চার পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তি (ফ্ল্যাট) যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

## বন্ধকী সম্পত্তির (ফ্ল্যাটের) তফসিল

All that piece and parcel of land Measuring undivided and un-demarketed 16.80 (sixteen point eight zero) ajuthangsha out of 18.09 decimals with a 15 storied residential cum commercial building constructed thereon project named Alompana Tower being Flat No. 7/C of 1100 sft. on the 7th floor with 1 (one) car parking space on the ground floor and others facilities like Gas, Electricity, Sewerage Line, Passage, Stairs etc. availing thereon situated within Dist.-Dhaka, P.S. Shabek-Ramna, Hall-Shahbag, Sadar Sub Registrar Office Dhaka Under Dhaka Collectorate Touji No.15215, Mouza-Shabek Sahar Dhaka Hall-Ramna. J.L. No. C.S.-1, S.A.-4 R.S.-27, Hall-7, Khatian No-C.S.-6860 (Ga), S.A.-106, R.S.-41, Dhaka Mohanagar Jarip (DP)-133, 248, 1555, Mutation Khatian No. 41/1, 41/3, 299 & 300 Jote No.1180, 1179, 313, 312, Plot No. C.S.-40 (forty), S.A.-512 (five hundred twelve), R.S.-1617 (one thousand six hundred seventeen), Dhaka Mohanagar Jorip-1524 (one thousand five hundred twenty four), 1525 (one thousand five hundred twenty five) being Dhaka City Corporation Holding No. 6/7/A, Topkhana Road, Dhaka. The said land butted & bounded on the North-60 feet road, on the South-Amin Mohammad Foundation, on the East-DOM INO, on the West-Nagar Chayaneer.

## নিলামের শর্তাবলী ঃ-

১। আগামী ১৬/০৪/২০১৮ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, শান্তিনগর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফ্ট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, শান্তিনগর শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে সমদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির (ফ্ল্যাটের) প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি (ফ্ল্যাট) রেজিস্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির (ফ্ল্যাটের) আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, শান্তিনগর শাখা, ঢাকা।**